# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১০৩

তারিখঃ ১৮ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
০২ জলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৯২তম কমিশন সভা অদ্য ০২/০৭/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ এর প্রতিটি ৫০০০ টাকা ইস্যু মূল্যের ২ (দুই) লক্ষ Non-convertible, Fully Redeemable, Coupon Bearing বন্ড (Bond) প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন আজকের সভায় অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে শতভাগ সরকারী মালিকানাধীন পাবলিক লিমিটেড কোম্পানীটি ১০০ (একশত) কোটি টাকা তহবিল সংগ্রহ করে ভূমি উন্নয়ন ও সিভিল ওয়ার্ক, প্রাথমিক জ্বালানী, যানবাহন ক্রয়, প্রকৌশলী ও পরামর্শক সেবা, চলতি মূলধন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী নীট সম্পদ মূল্য (NAV) ২৬৫.৯৬ টাকা এবং বিগত ৫ (পাঁচ) টি আর্থিক বিবরণী অনুযায়ী ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১০.৬৩ টাকা। ০৭ (সাত) বছর মেয়াদী বন্ডটির বার্ষিক কুপন সুদহার হবে ১৮২ দিন মেয়াদী ট্রেজারী বিলের সুদ হারের সাথে ৪% মার্জিন যুক্ত হার (যা সর্বনিম্ন ৮.৫% ও সর্বোচ্চ ১০.৫০%) এবং অর্ধবার্ষিক মেয়াদে প্রদেয়। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং ব্রাক ইপিএল ইনভেস্টমেন্টস লিমিটেড। এছাড়াও ট্রাস্টি হিসেবে নিয়োজিত রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড।

২. প্রিমিয়ার ব্যাংক লিমিটেড এর ৫০০ কোটি টাকার Fully Redeemable Non-convertible Floating Rate Subordinated Bond এর প্রস্তাব কমিশন অদ্যকার সভায় অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ঠ্য হচ্ছে Non-convertible, Fully Redeemable, Unsecured, Unlisted Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে প্রিমিয়ার ব্যাংক লিমিটেড কোম্পানীর Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে মাল্টি সিকিউরিটিজ অ্যান্ড সার্ভিসেস লিমিটেড এবং রেস পোর্টফোলিও অ্যান্ড ইস্যু ম্যানেজমেন্ট লিমিটেড কাজ করছে।

৩. কমিশন বরাবরে দাখিলকৃত The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এর ২৬ মে, ২০১৯ তারিখের পত্র অনুয়ায়ী বিগত ০৪ মার্চ, ২০১৯ তারিখে M/S. Ahmad & Akhtar, Chartered Accountants ফার্ম এর অংশীদার/Partner Mr. Shaheed Mohammmad FCA এর অবসর গ্রহণের কারণে M/S. Ahmad & Akhtar, Chartered Accountants ফার্ম Partnership ফার্ম হতে Proprietorship ফার্ম এ পরিণত হয়েছে।

এমতাবস্থায়, কমিশন এই মর্মে সিদ্ধান্ত নিয়েছে যে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত M/S. Ahmad & Akhtar, Chartered Accountants তালিকাভুক্ত কোম্পানীসমূহের আর্থিক প্রতিবেদন নিরীক্ষা ও সনদপত্র প্রদান, প্রাথমিক গণপ্রস্তাব/আরপিও/রাইটস্ ইস্যু এর মাধ্যমে উত্তোলনকৃত তহবিল এর ব্যবহার সংক্রান্ত বিবরণী নিরীক্ষা ও সনদপত্র প্রদান এবং কর্পোরেট গভর্নেন্স কোড পরিপালন সংক্রান্ত সনদপত্র প্রদানের কার্য থেকে বিরত থাকবে।

০২/০৭/২০১৯
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd